




## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৭/ ৫১৯৬

তারিখ : ০৯.০৪.২০১৭খ্রি.


বিষয় : উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি বাতিল প্রসঙ্গে

উপরোক্ত বিষয়ের আলোকে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ০৫.০৪.২০১৭ তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য “অন লাইন ভর্তি কার্যক্রম : আমাদের কর্তব্য” শীর্ষক মতবিনিময় সভা গত ২৭.০৩.২০১৭ তারিখ অনুষ্ঠিত হয়। কিন্তু জগদীশ সারস্বত বালিকা উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠান প্রধানকে উপস্থিত থাকতে বলা হলেও উক্ত সভায় তিনি উপস্থিত হননি। ঐ সভার বিজ্ঞপ্তিতে (বশিবো/কলেজ/অনু/২০১৭/৬১৫৭, তারিখ: ১৫.০৩.২০১৭) উল্লেখ ছিল যে, সভায় অনুপস্থিত প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি বাতিল করা হবে। এ প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করার কারণে উক্ত প্রতিষ্ঠানের উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি বাতিল করা হলো।

  
০৯.০৪.২০১৭

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
বরিশাল

ফোন : ০৪৩১-৬৪৭৪৫



প্রতিষ্ঠান প্রধান

জগদীশ সারস্বত বালিকা উচ্চমাধ্যমিক বিদ্যালয়  
কালীবাড়ী রোড, বরিশাল

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

- ০২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ০৪। পরিচালক, ব্যানবেইস, ঢাকা
- ০৫। জেলা প্রশাসক, বরিশাল
- ০৭। পরীক্ষা নিয়ন্ত্রক, বশিবো
- ০৮। সিস্টেম এনালিস্ট (ভারপ্রাপ্ত), বশিবো
- ০৯। সংরক্ষণ নথি